দৈনিক ইত্তেফাক

তারিখ 15 OCT 2002 পৃষ্ঠা ২০ কলাম ৪

# চট্টগ্রামে ছাত্রদলের বিক্ষুব্ধ অংশের ভাংচুর ॥ নয়া আহবায়ক ও যুগ্ম আহবায়ককে অবাঞ্ছিত ঘোষণা

চট্টগ্রাম অফিস ॥ নবগঠিত ছাত্রদল চট্টগ্রাম মহানগরীর আহবায়ক কমিটিতে অন্তর্ভুক্তি থেকে বাদ পড়া বিদ্রোহী গ্রুপ গতকাল সোমবার বিকেলে দলীয় কার্যালয় নাসিমন ভবন চত্বরে বিক্ষোভ প্রদর্শন, গাড়ি ভাংচুর করেছে। এ সময় বিদ্রোহী গ্রুপ ইলিয়াছ আলী এমপি'র কুশপুত্তলিকা দাহ করে। তারা পরে সেখান থেকে একটি মিছিল নিয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় বিদ্রোহী গ্রুপ নবগঠিত কমিটিকে চট্টগ্রামে অবাঞ্ছিতও ঘোষণা করে। গতকাল বিকেলে নগর ছাত্রদলের কার্যালয় কার্যত বিদ্রোহী গ্রুপের দখলে থাকতেই দেখা যায়। গতকাল নবগঠিত কমিটির আহবায়ক মোশারফ হোসেন দীপ্তি স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে ৩১ সদস্যবিশিষ্ট আহবায়ক কমিটিতে আরো ১০ জনকে অন্তর্ভুক্ত করা হয়েছে বলে উল্লেখ করে

(১৯শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামে ছাত্রদলের

(শেষ পৃষ্ঠার পর)

এদের নাম বিজ্ঞপ্তিতে যুক্ত করা হয়।
ব্যাপারে রাতে ছাত্রদল কেন্দ্রীয় যুগ্ম আহবায়
মুনির হোসেনের সাথে যোগাযোগ করা হ
তিনি জানান, এ ব্যাপারে তার সাথে আলোচ
করা হয়নি। তিনি বিষয়টি অবগত নন
এদিকে নগর ছাত্রদলের অপর এক প্রে
বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল দৈনিক দিনকাল
পত্রিকায় মহানগর ছাত্রদলের আহবায়ক কমিটি
গঠনের সংবাদ প্রকাশিত হওয়ার সাথে সাথে
মহানগর ছাত্রদলের নির্যাতিত নেতা-কর্মীর
মধ্যে তীব্র ক্ষোভ ও প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।
এতে বলা হয়, বিক্ষুব্ধ কর্মীরা মিছিল শেষে
দলীয় কার্যালয়ে ফিরে ঘোষিত কমিটির
আহবায়ক ও যুগ্ম আহবায়ককে অবাঞ্ছিত